

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, আগস্ট ২৮, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ১০ ভাদ্র ১৪২৬ বঙ্গাব্দ/২৫ আগস্ট ২০১৯ খ্রিষ্টাব্দ

এস, আর, ও, নং-২৬৪-আইন/আয়কর/২০১৯।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উক্ত Ordinance এর SIXTH SCHEDULE এর Part A এর paragraph 32A এর ক্ষেত্র ব্যতীত, সকল প্রকার সঞ্চয়পত্রে (savings instrument), ক্রয়কাল নির্বিশেষে, পুঞ্জীভূত বিনিয়োগের পরিমাণ ৫(পাঁচ) লক্ষ টাকা অতিক্রম না করিলে, এইরূপ বিনিয়োগ হইতে অর্জিত সুদের উপর উক্ত Ordinance এর section 52D এ উল্লিখিত উৎসে কর কর্তনের হার ১০% হইতে হ্রাস করিয়া ৫% নির্ধারণ করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনসিডি
সিনিয়র সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(২১২৬১)

মূল্য : টাকা ৪.০০

১৩৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা
[কর নীতি উইং]
www.nbr.gov.bd


নথি নং-০৮.০১.০০০০.০৩০.০৬.০০৫.১৬/২৬

তারিখঃ ১৮ ভাদ্র, ১৪২৬ বঙ্গাব্দ
০২ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ সঞ্চয়পত্রের সুদ/সুনাফা হতে উৎসে আয়কর কর্তন সংক্রান্ত এস,আর,ও নং-২৬৪-আইন/আয়কর/২০১৯ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণ করছি।

- ০২। আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, এস,আর,ও নং-২৬৪-আইন/আয়কর/২০১৯, তারিখঃ ২৮ আগস্ট, ২০১৯ এর মাধ্যমে পেনশনার সঞ্চয়পত্র ব্যতীত সকল প্রকার সঞ্চয় পত্রে, ক্রয়কাল নির্বিশেষে পুঞ্জিভূত বিনিয়োগের পরিমাণ ৫ (পাঁচ) লক্ষ টাকা অতিক্রম না করলে, এরূপ বিনিয়োগ হতে অর্জিত সুদের উপর Income-Tax Ordinance, 1984 এর Section 52D তে উল্লিখিত উৎসে কর কর্তনের হার ১০% হতে হ্রাস করে ৫% নির্ধারণ করা হয়েছে। এ বিধান বর্ণিত এস, আর, ও জারির তারিখ ২৮ আগস্ট, ২০১৯ হতে কার্যকর হবে।
- ০৩। তবে পেনশনার সঞ্চয়পত্রসহ সকল ধরনের সঞ্চয়পত্রে বিনিয়োগ ৫ (পাঁচ) লক্ষ টাকার উর্ধ্বে হলে Income-Tax Ordinance, 1984 এর Section 52D অনুযায়ী উৎসে কর কর্তনের হার ১০% প্রযোজ্য হবে।
- ০৪। উপরিউক্ত বিধানাবলী পরিপালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হলো।

 ২/০৯/১৯

মোঃ মহিদুল ইসলাম চৌধুরী
দ্বিতীয় সচিব (কর আইন-১)
ফোনঃ ৮৩৯১৬১৪

ইমেইলঃ taxproposal2019@gmail.com

প্রাপক,
মহা পরিচালক
জাতীয় সঞ্চয় অধিদপ্তর
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
অর্থ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

